গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪২.৪৬০০.০০৪.১১.০৬৮.১৮- ৫১৫ তারিখ: ২৯ আগস্ট ২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-১ শাখার গত ২৪ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০৯৯.০১৯.০১.০১.০০১.২০০৩(অংশ) .১৫৬ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম (বিভাগীয় নির্বাচনী বোর্ড)- এর ২২/০৮/২০২২ তারিখের ০৫.৪২.০০০০.০০৩.০৩.০১৩.২১.১৬১ নং স্মারকের পরিপ্রেক্ষিতে উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা কার্যালয়ে নিম্নবর্ণিত শূণ্যপদসমূহ সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদসংখ্যা | বেতন গ্রেড/স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ (দুই) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। |
| ২. | অফিস সহায়ক | ০১ (এক) টি | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

### আবেদনের শর্তাবলী :

১। আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। ২৯/০৮/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধাগণের নাতি-নাতনিদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্র জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবর আগামী ১৫/০৯/২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে দাখিল/প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। কোটা সম্পর্কিত সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে। কোন কোটার বিপরীতে আবেদন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্র/প্রমাণপত্র দাখিল করতে হবে।

৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৯.১২.২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকমূলে জারিকৃত পরিপত্র অনুযায়ী চাকুরির নির্ধারিত আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম www.khagrachhari.gov.bd অথবা www.forms.gov.bd ওয়েবসাইটে হতে সংগ্রহ করা যাবে।

৬। **আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (স্বহস্তে নিজ নাম ছবির অপর পৃষ্ঠায় স্পষ্টাক্ষরে লিখতে হবে)। ২ (দুই) কপি ছবি আবেদনপত্রের বামপাশে এবং ১ (এক) কপি ছবি ডানপাশে নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে।

খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের ফটোকপি (প্রশংসাপত্র/ মার্কশীট গ্রহণযোগ্য নয়)।

গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।

ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।

ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র।

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

ছ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা প্রমানের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

ছ) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর অনুকূলে ০১ নং ক্রমিকের জন্য ১০০/- এবং ০২ নং ক্রমিকের জন্য ৫০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) আবেদনের সাথে দাখিল করতে হবে।

জ) খামের উপর পদের নাম স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে এবং প্রার্থী কোনো কোটা সুবিধার আওতায় আবেদন করলে আবেদনপত্রের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঝ) নির্ধারিত ফরমের প্রবেশপত্র ২ (দুই) কপি পূরণপূর্বক (প্রযোজ্য অংশ) আবেদনের সাথে দাখিল করতে হবে। প্রবেশপত্রের নমুনা ফরম www.khagrachhari.gov.bd ওয়েবসাইটে অথবা উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

ঞ) প্রার্থীর নাম, ঠিকানা (যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক) উল্লেখ করে ২০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত ১০"×৪.৫" সাইজের ফেরত খাম।

৭। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা নিয়োগের পরে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিদের নিয়োগাদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। মৌখিক পরীক্ষায় প্রয়োজনীয় সকল সনদের মূল কপি উপস্থাপন করতে হবে। উল্লিখিত শর্তাবলী অনুযায়ী সকল সনদের ০১ (এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

১০। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১১। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১২। নিয়োগপ্রাপ্তদের সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রদান করা হবে।

১৩। আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা এর কোন বিষয় সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৯/৮/২২

(প্রতাপ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৪৩৮১১
E-mail: dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪২.৪৬০০.০০৪.১১.০৬৮.১৮- ৫৯৫

তারিখ: ২৯ আগস্ট ২০২২ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৪। জেলা প্রশাসক, ............................(সকল)।
৫। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল).......................................খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..........................................খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। মেয়র, মাটিরাঙ্গা/রামগড় পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা (বহুল প্রচারের জন্য)।
১২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা (জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। চেয়ারম্যান (সকল),.....................ইউনিয়ন পরিষদ.................,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব/ সাংবাদিক ইউনিয়ন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫। সম্পাদক, দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪, প্রগতি সরণী, বারিধারা, ঢাকা। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় কেবল মাত্র ০১ (এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.khagrachhari.gov.bd

ছবি- ১কপি

## প্রবেশপত্র

| অফিস কর্তৃক পূরণীয় | |
|---|---|
| রোল নম্বর : | পরীক্ষার কেন্দ্রের নাম : |
| পরীক্ষার তারিখ : | পরীক্ষার সময় : |

(আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম :

পরীক্ষার্থী নাম :

পিতা/স্বামীর নাম :

বর্তমান ঠিকানা :

.................................
আবেদনকারীর স্বাক্ষর

### পরীক্ষার্থীর জন্য সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে আবশ্যিকভাবে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।
০২। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই মূল প্রবেশপত্র সাথে আনতে হবে।
০৩। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
০৪। প্রবেশপত্রটি লিখিত/মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী অনুযায়ী সকল সনদের ০১ (এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। কাগজপত্রে কোনো অসঙ্গতি বা মৌখিক পরীক্ষার পূর্বে কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।
০৫। পরীক্ষার্থীদের পরীক্ষাহলে বই, ব্যাগ, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বা ইলেকট্রনিক ডিভাইস নিয়ে আসলে বা সাথে পাওয়া গেলে তাৎক্ষণিক বহিস্কার করা হবে।
০৬। যে কোন প্রকার অসদুপায় অবলম্বনকারী পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে আসতে হবে। মাস্ক পরিধান ব্যতীত কাউকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না।